দৈনিক বাংলা

তারিখ 04 MAR 1986
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

070

## এসএসসি পরীক্ষা নিতে কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ

৬ই মার্চ থেকে এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে। পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্যে প্রত্যেক জেলা সদর দফতরে এবং প্রত্যেকটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডে নিয়ন্ত্রণ কক্ষ খোলা হচ্ছে।

সোমবারের একটি সরকারী

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## এসএসসির খাতা পাঠানো হয়েছে : চার বোর্ড

।। স্টাফ রিপোর্টার ।।

এবার চারটি শিক্ষা বোর্ড থেকে প্রায় চার লাখ পরীক্ষার্থীকে এসএসসি পরীক্ষায় অংশ নেয়ার কথা। এর মধ্যে ঢাকা বোর্ডের পরীক্ষার্থীর সংখ্যা সব চেয়ে বেশী। আগামী বৃহস্পতিবার থেকে এই পরীক্ষা শুরু হবার কর্মসূচী রয়েছে।

এদিকে বহু স্থানে এখনও

(৫-এর পৃঃ দ্রঃ)

### নিয়ন্ত্রণ কক্ষ

(১-এর পৃঃ পর)

হ্যান্ড আউটের বরাত দিয়ে বাসস পরিবেশিত এ খবরে বলা হয়, শিক্ষা মন্ত্রণালয় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদফতরে একটি কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষও খুলছেন। ইতিমধ্যে সারা দেশের পরীক্ষা কেন্দ্রগুলোয় সব পরীক্ষা সাজসরঞ্জাম পাঠানো হয়েছে।

মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহের ভিজিল্যান্স টীমগুলোর পরীক্ষা কেন্দ্র সফর একটি নিয়মিত ব্যাপার। এসব টীম ছাড়াও পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে যোগাযোগ রক্ষা ও জেলা প্রশাসনকে সহায়তার উদ্দেশ্যে জেলাসমূহে ৬০ জন সরকারী অফিসার পাঠানো হচ্ছে। সংশ্লিষ্ট অফিসারদের এ সম্পর্কে অবহিত করা হচ্ছে। ৫ই মার্চের মধ্যে তাঁরা জেলা প্রশাসনে যোগদান করবেন বলে হ্যান্ডআউটে উল্লেখ করা হয়।

জেলাগুলোয় জেলা শিক্ষা অফিসারদের চাকরি ডেপুটি কমিশনারদের কর্তৃত্বে ন্যস্ত করা হয়েছে। ইতিমধ্যেই ডেপুটি কমিশনারদের সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠান নিশ্চিত করার জন্যে প্রয়োজনীয় যেকোন পদক্ষেপ গ্রহণের ক্ষমতা দেয়া হয়েছে।

### চার বোর্ড

(১ম পৃঃ পর)

পরীক্ষার্থীদের হাতে প্রবেশপত্র পৌঁছায়নি।

গতরাতে চারটি শিক্ষা বোর্ডের কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ করা হলে তাঁরা প্রত্যেকে বোর্ডের সকল খাতা, প্রশ্নপত্র, প্রবেশপত্র এরই মধ্যে সংশ্লিষ্ট এলাকায় পাঠিয়ে দিয়েছেন বলে দাবী করেছেন। মোট ৪১টি কেন্দ্রে এবার ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবার কথা। এর মধ্যে ১০টি কেন্দ্র বাতিল করা হয়েছে। এই কেন্দ্রগুলির মধ্যে ওয়েস্ট এন্ড হাইস্কুল, আইডিয়াল হাইস্কুল, রাজধানী হাইস্কুল, ভিকারুন্নেছা গার্লস হাইস্কুল, আনোয়ারা বেগম মুসলিম গার্লস হাইস্কুল, ইস্পাহানী হাইস্কুল, মোহাম্মদপুর সরকারী বালক বিদ্যালয় ও আহমেদ বাওয়ানী হাইস্কুল রয়েছে। বোর্ডসূত্রে এই যে সব কেন্দ্রে গোলযোগ হওয়ার আশংকা ও অন্যান্য কারণে এবার এসএসসি পরীক্ষা হবে না বলে জানান হয়েছে।

বাংলাদেশ শিক্ষক সমিতি থেকে তাদের দাবী না মানা পর্যন্ত এসএসসি পরীক্ষা হতে দেয়া হবে না বলে জানান হয়েছে। পক্ষান্তরে সংশ্লিষ্ট বোর্ড সূত্র বলেছে, প্রশাসনিক ছত্রচছায়ায় বিভিন্ন সরকারী, বেসরকারী কলেজের শিক্ষক, প্রাথমিক স্কুলের প্রধান শিক্ষক ও মাদ্রাসার শিক্ষকদের মাধ্যমে পরীক্ষা নেয়া হবে।

**চট্টগ্রাম**

চট্টগ্রাম থেকে দৈনিক বাংলার স্টাফ রিপোর্টার জানিয়েছেন, বাংলাদেশ শিক্ষক সমিতির স্থানীয় শাখা আজ সকাল দশটায় মিউনিসিপ্যাল হাইস্কুল মাঠে গণজমায়েত, এগারোটায় মিছিল ও কোর্ট বিল্ডিং এ জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারের কার্যালয় ঘেরাও এবং বেলা চারটা পর্যন্ত সেখানে অবস্থান ধর্মঘটের কর্মসূচী নিয়েছে।

আমাদের ঈশ্বরদীস্থ সংবাদদাতা জানান : গতকাল পর্যন্ত সেখানকার ১১শ এসএসসি পরীক্ষার্থীর কারো হাতে প্রবেশপত্র পৌঁছায়নি। গতকাল শিক্ষক, ছাত্র ও অভিভাবকরা শিক্ষক সমিতির দু দফা দাবীতে শহর প্রদক্ষিণ করেন।

দৈনিক বাংলার পাবনাস্থ প্রতিনিধি জানিয়েছেন, জেলার ৯টি উপজেলার ১৫৭টি বেসরকারী হাইস্কুলের মধ্যে ১৫৬টি স্কুলে ধর্মঘট হচ্ছে।